



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

আইন -১

www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬০.২৩.৬৮

তারিখ: ১১ মাঘ ১৪৩০

২৫ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫০৬৫/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫০৬৫/২০২৩-এর ০৫/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন কালীগঞ্জ গ্রামের দুপাখোলা মৌজায় অবস্থিত মেসার্স আল-ফালাহ ব্রিক্স ফিল্ড-এর ট্রেড লাইসেন্স নবায়নের জন্য এর স্বত্বাধিকারী জনাব মো. সিরাজুল হক বিশ্বনাথ পৌরসভার মেয়র বরাবর আবেদন করেন (পতাকা-খ)। উক্ত আবেদনের বিষয়ে কোনো ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার জনাব মো. সিরাজুল হক সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫০৬৫/২০২৩ দায়ের করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, সিলেট-কে ৩নং এবং মেয়র, বিশ্বনাথ পৌরসভা, সিলেট-কে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫০৬৫/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8232/potrojariAttachmentRef/52457/0/2240)

২৫-১-২০২৪

পূর্বী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬০.২৩.৬৮/১

তারিখ: ১১ মাঘ ১৪৩০

২৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৫-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)